# বাইরে আলো

দাঁড়িয়ে আছে
ঘরের ভিতর অন্ধকার
দেওয়াল ধরে মুখ নামিয়ে
আকাশ পাতাল ভাবাই সার

কোন গণিতে সত্য স্থিত
কাঁটায় ক্ষত নগ্ন দেহ
আশ্রিত কোন ধানের ছড়া
কার দেওয়ালে সমর্পিত।

দেখছি তো রোজ সাঁজ সকালে
নাকাল মানুষ বাদুড় ঝোলে
মনের মধ্যে শূন্য ফাঁকা
এই কি বাঁচা ? এই কি থাকা ?

যাচ্ছে যেমন তেমনি যাবে
হয় মরবে নয় মারবে
আমরা সবাই যে যার মতো
মনস্তাপে দিন কাটাবো।

দেওয়াল ধরে অন্ধকার
ভাবছে শুধু, ভাবাই সার।

রাম বসু


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com